

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা গ্রহিতাদের ২য় অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতিঃ সাহাদুল ইসলাম, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘা, রাজশাহী

সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার অফিসকক্ষ, বাঘা, রাজশাহী

সভার তারিখ ও সময়ঃ ১১.১২.২০২৩ খ্রি. ও বেলা : ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” দেখানো হলো

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যকরী বাস্তবায়ন স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দায়বদ্ধতা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কাজেই প্রত্যেক দপ্তরকে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে হবে।

অতঃপর নিম্নোক্ত সেবাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	প্রতিশ্রুত সেবার তালিকা	সেবা প্রদান পদ্ধতি	বাস্তবায়নকারী
<b>১. নাগরিক সেবা</b>			
১.১	মৎস্যচাষি, মৎস্যজীবী ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন	সেবা প্রদান পদ্ধতি অনুসরণ পূর্বক ১ দিনের মধ্যে বিনা মূল্যে সেবা প্রদান করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১.২	মৎস্যখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা, ২০১১ মোতাবেক লাইসেন্স প্রদান/নবায়ন	আইন ও বিধিমোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১.৩	মৎস্য হ্যাচারি আইন' ২০১০ ও মৎস্য হ্যাচারি বিধিমালা' ২০১১ বাস্তবায়নে সহায়তা প্রদান/লাইসেন্স প্রদান/নবায়ন	আইন ও বিধিমোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও চালান জমা দিয়ে ৩০ দিনের মধ্যে সেবাটি প্রদান করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
<b>২. প্রাতিষ্ঠানিক/দপ্তরিক সেবা</b>			
২.৭	ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন সাধারণ, অগ্রিম (SFI) ও খসড়া (ডিপি) অনুচ্ছেদের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি/ত্রিপক্ষীয় সভার কার্যপত্র সংগ্রহ পূর্বক কার্যক্রম গ্রহণ	অডিট সংক্রান্ত আপত্তিপত্রের আলোকে বিনামূল্যে ৩০ দিনের মধ্যে কার্যক্রম গ্রহণ করা।	উপজেলা মৎস্য কর্মকর্তা
<b>৩. অভ্যন্তরীণ সেবা</b>			
৩.১	ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ	সকল দপ্তরের ওয়েবসাইট সর্বদায় হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
৩.২	কর্মকর্তাদের ল্যামগ্রান্ট ও পেনশন মঞ্জুরির ব্যবস্থা করা	বিনামূল্যে ৭ দিনে সংশ্লিষ্ট কাগজপত্রাদি উর্দ্ধগামী করার সিদ্ধান্ত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
৩.৩	জেলার অবসরগামী কর্মকর্তাগণের বিভিন্ন কর্মস্থলের কর্মসময়ের অডিট আপত্তি ও নিষ্পত্তির নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি ১৭ কলাম হুকে প্রাপ্তির নিমিত্ত পত্র জারী করা	বিনামূল্যে ৭ দিনে তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(সাহাদুল ইসলাম)

উপজেলা মৎস্য কর্মকর্তা

বাঘা, রাজশাহী